# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 26.03.24 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) আসন্ন লোকসভা নির্বাচনে রাজ্যে প্রতিদিন কোথায়, কত কেন্দ্রীয় বাহিনী ব্যবহার করা হচ্ছে স্বরাষ্ট্রমন্ত্রককে তা রিপোর্ট আকারে পাঠাতে হবে বলে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে।

২) লোকসভা নির্বাচনে প্রথম দফার ভোটগ্রহণের জন্য মনোনয়ন জমা দেওয়ার কাজ আগামীকাল শেষ হচ্ছে।

৩) শারীরিকভাবে অসুস্থ ব্যক্তিদের ক্ষেত্রে সম্পত্তি রেজিস্ট্রি করার নিয়ম বদল করা হচ্ছে।

৪) দোলের দিন অভব্য আচরণে জন্য কলকাতায় ৩০৫ জনকে গ্রেফতার করা হয়েছে। বিভিন্ন জেলা থেকে একাধিক দুর্ঘটনার খবর এসেছে।

৫) আই পি এল ক্রিকেটে কলকাতা নাইটরাইডার্সের পরবর্তী খেলার সূচী প্রকাশ করেছে বিসিসিআই।

০০০০০০০০০০০০০০০০০

আসন্ন লোকসভা নির্বাচনে রাজ্যে প্রতিদিন কোথায়, কত কেন্দ্রীয় বাহিনী ব্যবহার করা হচ্ছে স্বরাষ্ট্রমন্ত্রককে তা রিপোর্ট আকারে পাঠাতে হবে বলে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর সূত্রে জানা গিয়েছে, আগামী শুক্রবার থেকে প্রতিদিন বাহিনীর সমন্বয়কারী অফিসার কে এই রিপোর্ট পাঠাতে হবে। কোথায়, কত বাহিনী মোতায়েন করা হবে তার জন্য মুখ্য নির্বাচনী আধিকারিক এবং রাজ্য পুলিশের ডিজির সঙ্গে কেন্দ্রীয় বাহিনীর প্রতিনিধিকে নিয়মিত সমন্বয় রাখার কথা বলা হয়েছে। প্রয়োজনে বাহিনী কে নিয়ে যাওয়ার জন্য রেলকে বিশেষ ট্রেন দেওয়ার কথাও বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ করতে এপ্রিলের শুরুতেই আরও ২৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে আসছে। এর মধ্যে সিআরপিএফ ১৫ কোম্পানি, BSF ৫ ও CISF ৭ কোম্পানি। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক রাজ্য সরকারকে চিঠি দিয়ে একথা জানিয়েছে। আগেই রাজ্যে এসেছে 150 কোম্পানি কেন্দ্রীয় বাহিনী।

০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোটের প্রথম দফায় আগামী ১৯ শে এপ্রিল কোচবিহার আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি লোকসভা আসনে ভোট নেওয়া হবে। এই প্রেক্ষিতে ভোট কর্মীদের প্রশিক্ষন দেওয়ার কাজ শুরু করেছে নির্বাচন কমিশন। মহিলা ভোট কর্মীদেরও দেওয়া হচ্ছে প্রশিক্ষন।

এদিকে এই দফায় মনোনয়ন জমা দেওয়ার কাজ আগামীকাল শেষ হচ্ছে। পরদিন সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৩০ শে এপ্রিল

বিভিন্ন অনুষ্ঠান ও রালির মাধ্যমে প্রবীণ নাগরিক, চা বাগান শ্রমিক, সাধারণ মানুষকে নিজের ভোট দান অধিকার সম্পর্কে সচেতন করার কাজও করছে কমিশন। জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিকরা; ভোটারদের মধ্যে আস্থা বাড়াতে সশস্ত্র বাহিনীর রুট মার্চে অংশ নিয়ে সাধারণ মানুষদের সঙ্গে মত বিনিময় করছেন।

oooooooooooooooooooooo

আসন্ন লোকসভা ও বিধানসভার ভোটে পরিবেশ বান্ধব নির্বাচনকে উৎসাহ দিতে একাধিক পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছে নির্বাচন কমিশন। বিভিন্ন রাজনৈতিক দলকে ভোট প্রচার চালানোর সময় কাগজের ব্যবহার যতটা সম্ভব কমানোর নির্দেশ দেওয়া হয়েছে। ই-বুক, ই-ডকুমেন্ট এবং কাগজের দু-দিকই ছাপার জন্য ব্যবহারের পরামর্শ দিয়েছেকমিশন। রাজনৈতিক দলগুলির প্রচার কাজে পরিবেশ বান্ধব যানবাহন ব্যবহারের ওপর গুরুত্ব দেওয়ার পাশাপাশি কমিশন, প্রচারাভিযানে পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবহারকে উৎসাহ দিতে বলেছে। নির্বাচন কর্মী এবং রাজনৈতিক দলগুলিকে একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক সম্পূর্ণ বর্জন এবং সব ধরনের বর্জ্য সঠিকভাবে ফেলার জন্য পৃথক ব্যবস্থা রাখারও নির্দেশ দিয়েছে কমিশন।

ooooooooooooooooooooo

দেওয়াল লিখনকে কেন্দ্র করে দক্ষিণ ২৪ পরগনার ভাঙড় অশান্ত হয়ে ওঠে। ভগবানপুর গ্রাম পঞ্চায়েতের জিরানগাছা বাগানাইট গ্রামে আইএসএফ ও সিপিআইএম কর্মীরা যৌথভাবে যাদবপুর কেন্দ্রের বাম গণতান্ত্রিক জোট প্রার্থী সৃজন ভট্টাচার্যের সমর্থনে দেওয়ালে লিখছিলেন, সেই সময় তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা তাদের ওপর হামলা চালায় বলে অভিযোগ। দু-পক্ষের সংঘর্ষের ঘটনায় এলাকায় ব্যাপক উত্তেজনা দেখা দেয়। আহত হন

বেশ কয়েকজন। নাজিমুদ্দিন মোল্লা নামে এক আই এস এফ কর্মীর মাথা ফাটে বলেও অভিযোগ। পোলেরহাট থানার পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে সৃজন ভট্টাচার্য সেখানে গিয়ে, নাজিমুদ্দিনকে সঙ্গে নিয়ে থানায় এফ আই আর দায়ের করেন।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, আই এস এফ তাদের দেওয়াল দখল করার অভিযোগ তোলে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

তৃণমূলের পাল্টা দাবি বাড়ির মালিকের অনুমতি নিয়েই তারা দেওয়াল লিখছিলেন। সেই সময় আই এস এফ কর্মীরা এসে তাদের মারধোর করে।

সন্দেশখালিতে বিজেপি প্রার্থীর বিরুদ্ধে পোস্টার দেওয়া নিয়ে দলে আলোচনা হবে বলে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন। তিনি বালুরঘাটে গতকাল বসন্ত উৎসবে অংশ নিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, বিজেপির মতো দলে অনেকেই প্রার্থী হতে চান। সেই প্রত্যাশা পূরণ না হলেই এই ধরনের বিরোধিতা দেখা যায়।

তবে দল এব্যাপারে বিচার বিবেচনা করেই পরবর্তী সিদ্ধান্ত নেবে। দলীয় কর্মীদেরও এব্যাপারে বোঝানো হবে বলে তিনি জানান।

oooooooooooooooooooo

রাজ্যে সরকারি আমলাদের পদোন্নতি সংক্রান্ত নিয়মবিধি পরিবর্তন করা হয়েছে। কোন আমলা যদি অন্তত দুই বছর যুগ্ম সচিব পদে দায়িত্ব সামলান তবে তাকে পদোন্নতি দিয়ে সচিব পদে বসানোর বিষয়ে ভাবনা চিন্তা করা হবে বলে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে জারি করা এক নির্দেশিকায় জানানো হয়েছে। পাশাপাশি কোন আমলা যদি কমপক্ষে দুই বছর দায়িত্বে থাকেন তবে সেই আমলাকে যুগ্ম সচিব পদে বসানোর বিষয়ে বিবেচনা করা হবে বলে সরকারি নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে।

oooooooooooooooooooo

শারীরিকভাবে অসুস্থ ব্যক্তিদের ক্ষেত্রে সম্পত্তি রেজিস্ট্রি করার নিয়ম বদল করা হচ্ছে। এখন থেকে যারা রেজিস্ট্রি অফিসে যেতে অপারগ, শুধুমাত্র তারাই বাড়িতে বসে দলিলে সই করতে পারবেন। একমাত্র অসুস্থতার কারণেই কাউকে বাড়ি থেকে রেজিস্ট্রির অনুমতি দেওয়া হবে। এক্ষেত্রে অসুস্থতার প্রমাণপত্র হিসেবে অ্যালোপাথি ডাক্তারের শংসাপত্র জমা দিতে হবে।

এছাড়া অন্য কোন শাখার চিকিৎসকের শংসাপত্র গ্রাহ্য হবে না।
এই শংসাপত্র সহ নিকটবর্তী রেজিস্ট্রি অফিসে আবেদন করা হলে, অসুস্থ ব্যক্তিকে বাড়ি থেকে সই করার অনুমতি দেওয়া হবে। তবে, তার আগে রেজিস্ট্রেশন অফিস থেকে অসুস্থতার বিষয়টি যাচাই করে দেখবেন আধিকারিকরা। সংশ্লিষ্ট আবেদনপত্র মঞ্জুর হলে তবেই, বাড়ি থেকে সই করার অনুমতি পাওয়া যাবে।

এর আগে বাড়িতে বসে রেজিস্ট্রেশন নিয়ে এত কড়াকড়ি ছিল না। স্থানীয় রেজিস্ট্রেশন অফিস থেকেই এব্যাপারে অনুমোদন দেওয়া হত। শুধু তাই নয়, অসুস্থ ব্যক্তির বাড়ির সদস্যদেরও রেজিস্ট্রেশন অফিসে যেতে হত না। সকলেই বাড়িতে বসে সই করতে পারতেন। কিন্তু এবার থেকে যিনি অনুস্থ হবেন, কেবল তাঁকেই বাড়ি থেকে সই করার অনুমতি দেওয়া হবে। পরিবারের বাকি সদস্যদের রেজিস্ট্রি অফিসে গিয়ে সই করতে হবে।

oooooooooooooooooooo

দোলের দিন কলকাতার বিভিন্ন প্রান্তে অভব্য আচরণের জন্য পুলিশ ৩০৫ জনকে গ্রেফতার করেছে। বাজেয়াপ্ত করা হয়েছে ৪৬ লিটারের বেশি মদ।

উল্লেখ্য, দোলে শহরের নিরাপত্তা জোরদার করতে শহরের সাড়ে তিনশোটি জায়গায় বিশেষ পুলিশ পিকেট তৈরি করা হয়। এছাড়াও

মোতায়েন ছিল সাদা পোষাকের পুলিশ। পিসিআর ভ্যান ও মোটোর বাইকে চলে টহলদারি। মহিলাদের নিরাপত্তায় প্রস্তুত রাখা হয়েছিল বিশেষ বাহিনী।

এদিকে, মা উড়ালপুলের ওপর এক মোটরবাইক আরোহীর পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে। কলকাতার লেদারকমপ্লেক্স থানা এলাকার বাসিন্দা সৈকত মল্লিক নামে বছর ২৩-এর ওই যুবক বাইক নিয়ে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে ব্রিজের গার্ডওয়ালে ধাক্কা মারে। রক্তাক্ত অবস্থায় তাকে চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

অন্যদিকে, রাজ্যের বিভিন্ন জেলা থেকে দোল খেলার পর স্নান করতে গিয়ে দুর্ঘটনার খবর এসেছে।

উত্তর ২৪ পরগনার পানিহাটি আশ্রমঘাটে গঙ্গায় তিন কিশোর তলিয়ে গেছে। আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন, রণি, আদিত্য, নিরোজ ও শিবম – এই চার বন্ধু বেলা সাড়ে ১১-টা নাগাদ গঙ্গায় স্নান করতে নামে। পূর্ণিমার ভরা কোটালে জলস্তর বৃদ্ধি পেলে শিবম সাঁতার কেটে ঘাটে চলে আসলেও বাকিদের সন্ধান মেলেনি। ডুবুরি ও বিপর্যয় মোকাবিলা বাহিনীর কর্মীরা সন্ধ্যায় ঝড়-বৃষ্টি শুরু হওয়া পর্যন্ত তল্লাশি চালালেও তাদের খোঁজ মেলেনি। প্রত্যেকেরই বয়স ১৪-১৫ বছরের মধ্যে।

এদিকে, দোল খেলে স্নান করতে গিয়ে জলে ডুবে বাঁকুড়া ও পূর্ব বর্ধমান - দুই জেলায় চার কিশোরের মৃত্যু হয়েছে। এদের মধ্যে দু-জন সহোদর ভাই।

বাঁকুড়ার বড়জোড়ার কৃষ্ণনগর এলাকায় বন্ধুদের সঙ্গে দামোদর নদে স্নান করতে গিয়ে জলে তলিয়ে যায় বছর ১৫-র সোনু কুমার ও তার ভাই ১৩ বছরে সানি। পরে স্থানীয়রা নদী থেকে তাদের মৃতদেহ উদ্ধার করে। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে আসে। পুলিশ দেহ দুটি ময়না

তদন্তে পাঠিয়েছে। সোনু ও সানির বাবা প্রমোদ কুমার আদতে বিহারের বাসিন্দা। কর্মসূত্রে তিনি বড়জোড়ায় বাড়ি ভাড়া নিয়ে থাকতেন।

পূর্ব বর্ধমানের কালনার জিউধারা এলাকায় রং খেলে স্থানীয় পুকুরে স্নান করতে গিয়ে মাধ্যমিক পরীক্ষার্থী করণ দাস ও তার সম্পর্কিত ভাই নবম শ্রেণীর যীশু দাস জলে ডুবে যায়। দু-জনই সাঁতার জানতো না। স্থানীয়রা তাদের উদ্ধার করে কালনা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

oooooooooooooooooooo

সারা রাজ্যে মহাসমারোহে গতকাল দোল উদযাপিত হলেও বর্ধমানে আজ দোল উৎসব পালিত হবে। রাজ আমল থেকে এই নিয়ম চলে আসছে। দোলের দিন বর্ধমান রাজ পরিবারের কুল দেবতা লক্ষ্মীনারায়ণজিউ-এর রং খেলার দিন নির্দিষ্ট থাকে। ওই দিন শুধুমাত্র দেবতার পায়ে রং দেওয়া হয়। পরদিন রাজ পরিবারের সদস্য এবং তথাকথিত প্রজার দোল খেলেন। তবে, গতকাল শহরের বিভিন্ন জায়গায় বসন্ত উৎসবের আয়োজন করা হয়।

শান্তিনিকেতনে বিশ্বভারতীতে এবার বসন্ত উৎসব না হলেও সেখানকার রতন পল্লী এলাকায় নানা সাংস্কৃতিক অনুষ্ঠানে স্থানীয় বাসিন্দা ছাড়াও সামিল হন পর্যটকরা। তবে, কি কারণে বসন্ত উৎসব হলো না, তা নিয়ে বিশ্বভারতী কর্তৃপক্ষ কোন বিজ্ঞপ্তি প্রকাশ করেনি। বসন্ত বন্দনার দিন স্থির করার জন্য আজ বৈঠক ডাকা হয়েছে।

উল্লেখ্য, ২০১৯ সালে আশ্রম মাঠে শেষ বসন্ত উৎসব পালিত হয়।

oooooooooooooooooooo

আই পি এল ক্রিকেটে কলকাতা নাইটরাইডার্স আগামী শুক্রবার বেঙ্গালুরুতে রয়াল চ্যালেঞ্জার্স বেঙ্গালোরের বিরুদ্ধে খেলবে। গতকাল বিসিসিআই আই পি এল-এর সম্পূর্ণ সূচী প্রকাশ করে। এর আগে প্রকাশিত

সূচিতে কলকাতার মাত্র একটি খেলার দিন জানানো হয়েছিল। নতুন তালিকা অনুযায়ী এপ্রিলের তিন-এ দিল্লি, আট-এ চেন্নাই-এর বিরুদ্ধে খেলবে কে কে আর। এই দুটি খেলা ঘরের মাঠে না হলেও এরপর টানা পাঁচটি ম্যাচ কলকাতায় অনুষ্ঠিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঝাড়খন্ড থেকে মণিপুর পর্যন্ত বিস্তৃত অক্ষরেখা এবং বাতাসে জলীয়বাষ্পের আধিক্যের কারণে আজও রাজ্যের সর্বত্রই ঝড়বৃষ্টির সম্ভাবনা। গত সন্ধ্যায় দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হয়েছে।

উত্তরবঙ্গের জেলাগুলিতেও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। সেই সঙ্গে ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। আগামীকাল পর্যন্ত বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

এদিকে, আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় স্বাভাবিকের থেকে ১ ডিগ্রী কম, ২২ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০